# শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা

স্মারক নং : (০০২) শে.হা.বি./একাডেমিক/২০১৯/০৬

তারিখ: ১৯শে ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের ৩টি অনুষদের অন্তর্ভুক্ত মোট ৪টি বিভাগে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ০৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম বর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

**১. আবেদনের তারিখ :**

ক. **০৭ সেপ্টেম্বর ২০১৯ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত**।

খ. প্রতি অনুষদের ফরমের মূল্য ৭০০/- (সাতশত টাকা) সার্ভিস চার্জসহ।

**২. ভর্তিচ্ছু শিক্ষার্থীদের যোগ্যতা:**

ক. ২০১৪ সন থেকে ২০১৭ সন পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০১৯ সনের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করেছে কেবল তারাই ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ. IGCSE/O Level এবং IAL/GCE A Level প্রার্থীদের ক্ষেত্রে ২০১৪ সন থেকে ২০১৭ সন পর্যন্ত IGCSE/O Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০১৯ সনের ফল প্রকাশিত IAL/GCE A Level পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রী ভর্তির আবেদন করতে পারবে। তাদের IGCSE/O Level এবং IAL/GCE A Level মোট ৭টি বিষয়ের মধ্যে যথাক্রমে ৪টি বিষয়ে কমপক্ষে বি-গ্রেড ও ৩টি বিষয়ে সি-গ্রেড থাকতে হবে। উক্ত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় আবেদন করতে চাইলে তাদেরকে সরাসরি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস (কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নেত্রকোণা)-এ নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে।

**কলা অনুষদ:**

**মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা হতে আবেদনকারীদের SSC ও HSC/সমমানের পরীক্ষায় সর্বমোট জিপিএ (৪র্থ বিষয়সহ) ৭.০০ থাকতে হবে (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ - ৩.০০ থাকতে হবে)**। ইংরেজিতে ভর্তিচ্ছুদের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ইংরেজিতে লেটার গ্রেড (A-) থাকতে হবে।

**সামাজিক বিজ্ঞান অনুষদ:**

**মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা হতে আবেদনকারীদের SSC ও HSC/সমমানের পরীক্ষায় সর্বমোট জিপিএ (৪র্থ বিষয়সহ) ৭.০০ থাকতে হবে (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ - ৩.০০ থাকতে হবে)**। অর্থনীতি বিভাগে ভর্তিচ্ছুদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্থনীতি, গণিত ও পরিসংখ্যান বিষয়ের যে কোন একটিতে অবশ্যই লেটার গ্রেড (A-) থাকতে হবে।

**বিজ্ঞান অনুষদ:**

**কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তিচ্ছু আবেদনকারীদের SSC ও HSC/সমমানের পরীক্ষায় সর্বমোট জিপিএ (৪র্থ বিষয়সহ) ৮.০০ থাকতে হবে (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ - ৩.৫০ থাকতে হবে)**। সিএসই বিভাগে ভর্তির জন্য উচ্চ মাধ্যমিক পর্যায়ে গণিতে লেটার গ্রেড (A-) থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন অবশ্যই উত্তর দিতে হবে।

**৩. ভর্তির জন্য নির্ধারিত অনুষদ, বিভাগ ও আসন সংখ্যা:**

| অনুষদ | বিভাগ | আসন সংখ্যা |
|---|---|---|
| কলা অনুষদ | বাংলা | ৩০ |
| | ইংরেজি | ৩০ |
| সামাজিক বিজ্ঞান অনুষদ | অর্থনীতি | ৩০ |
| বিজ্ঞান অনুষদ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৩০ |

**৪. ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে নিম্নবর্ণিত বিষয়সমূহের পাশাপাশি উল্লিখিত নম্বরের বিপরীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে**

| অনুষদ | MCQ | Written |
|---|---|---|
| কলা অনুষদ | বাংলা- ৩০, ইংরেজি- ৩০ ও সাধারণ জ্ঞান- ৪০ | বাংলা-১০, ইংরেজি-১০ ও সাম্প্রতিক বিষয়াবলি- ১০ |
| সামাজিক বিজ্ঞান অনুষদ | বাংলা- ২৫, ইংরেজি- ২৫, অর্থনীতি/বিজ্ঞান-২৫ ও সাধারণ জ্ঞান- ২৫ | বাংলা-১০, ইংরেজি-১০ ও অর্থনীতি/গণিত- ১০ |
| বিজ্ঞান অনুষদ | বাংলা- ১৫, ইংরেজি- ১৫, গণিত- ২০, পদার্থ বিজ্ঞান- ২০ রসায়ন- ২০ ও আইসিটি- ১০ | গণিত- ১০, পদার্থ বিজ্ঞান - ১০ ও রসায়ন/আইসিটি - ১০ |

**৫. ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও পদ্ধতি:**

ক. বিভিন্ন অনুষদের ভর্তি পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে–

| অনুষদ | সময়সূচি | তারিখ | বার |
|---|---|---|---|
| কলা অনুষদ | দুপুর ০২.০০ টা থেকে ০৩.৩০ টা পর্যন্ত | ১৩/১০/২০১৯ | রবিবার |
| সামাজিক বিজ্ঞান অনুষদ | দুপুর ০২.০০ টা থেকে ০৩.৩০ টা পর্যন্ত | ১৪/১০/২০১৯ | সোমবার |
| বিজ্ঞান অনুষদ | দুপুর ০২.০০ টা থেকে ০৩.৩০ টা পর্যন্ত | ১৫/১০/২০১৯ | মঙ্গলবার |

খ. MCQ পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে পাশ নম্বর ৫০। লিখিত পরীক্ষায় ৩০ নম্বরের মধ্যে পাশ নম্বর ১২।

গ. MCQ পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের আসন সংখ্যার ১০ গুণ অনুপাতে লিখিত পরীক্ষার খাতা মূল্যায়ন করা হবে।

ঘ. MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত করা হবে।

ঙ. প্রশ্নপত্র বাংলা ও ইংরেজি ভার্সন (প্রযোজ্য ক্ষেত্র) হবে। **যে সকল প্রার্থী ইংরেজি ভার্সনে পরীক্ষা দিতে ইচ্ছুক, তাদের আবেদনের সময় নির্ধারিত অপশন সিলেক্ট করতে হবে।**

চ. ভর্তি পরীক্ষায় প্রতিটি MCQ প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

ছ. ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.shubd.net -এ প্রকাশ করা হবে।

**৬. আবেদনের নিয়মাবলি:**

ক. অনলাইনে www.shubd.net –এর মাধ্যমে সংশ্লিষ্ট তথ্য প্রদানপূর্বক আবেদন করতে হবে এবং প্রাপ্ত Application Id সংরক্ষণ করতে হবে। Application Id ব্যবহার করে যথাসময়ে Admit Card প্রিন্ট দিতে হবে।

খ. ফি জমাদানের পদ্ধতি:

| রকেট (ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং) | |
|---|---|
| ধাপ-১ | ডায়াল *৩২২#। |
| ধাপ-২ | "১ ডায়াল করে Bill Pay" অপশন সিলেক্ট করতে হবে। |
| ধাপ-৩ | নিজের একাউন্ট থেকে Payment করতে চাইলে "১ ডায়াল করে Self" অপশন সিলেক্ট করতে হবে এবং অন্যের একাউন্ট থেকে Payment দিতে চাইলে "২ ডায়াল করে Other" অপশনে সিলেক্ট করে Enter Payer Mobile No. এর স্থলে আবেদনকারীর মোবাইল নাম্বার দিতে হবে। |
| ধাপ-৪ | বিল প্রদান করতে "0" ডায়াল করুন। |
| ধাপ-৫ | Enter Biller ID. এর স্থলে '২৭১৭' টাইপ করতে হবে। |
| ধাপ-৬ | Enter Biller Number এর স্থলে অবশ্যই Application Id No. টি প্রদান করতে হবে। |
| ধাপ-৭ | Enter Amount 700.00Tk |
| ধাপ-৮ | Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং "Rocket" Account এর PIN নম্বর দিতে হবে। |
| ধাপ-৯ | রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে। |

| বিকাশ (ব্র্যাক ব্যাংক মোবাইল ব্যাংকিং) | |
|---|---|
| ধাপ-১ | *২৪৭# ডায়াল করুন। |
| ধাপ-২ | Pay Bill সিলেক্ট করতে ৫ চাপুন। |
| ধাপ-৩ | Other সিলেক্ট করতে ৬ চাপুন। |
| ধাপ-৪ | বিল পে করতে ২ চেপে Make Payment সিলেক্ট করুন। |
| ধাপ-৫ | বিলার আইডির স্থানে Sheikh Hasina University এর বিকাশ একাউন্ট (01778469248) নম্বর দিন। |
| ধাপ-৬ | Student Application Id দিতে ১ চাপুন। |
| ধাপ-৭ | Student Application Id দিন। |
| ধাপ-৮ | বিল মাস ও বছরের স্থানে 092019 দিন। |
| ধাপ-৯ | এমাউন্টের স্থানে আবেদনপত্রে উল্লিখিত ফি-এর পরিমাণ দিন। |
| ধাপ-১০ | পে বিলের সামারি দেখে আপনার বিকাশ একাউন্টের পিন নম্বরটি দিন। |
| ধাপ-১১ | বিল পেমেন্ট সম্পন্ন হলে আপনি একটি কনফার্মেশন মেসেজ ও বিল পেমেন্ট মেসেজ পাবেন। SMS থেকে Transaction ID (TxrID) সংরক্ষণ করতে হবে। |

গ. কোটার আবেদনকারীদের ক্ষেত্রে অনলাইনে আবেদনের সময় কোটা অপশন সিলেক্ট করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ: (১) মুক্তিযোদ্ধা কোটা (মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান), (২) শারীরিক প্রতিবন্দী কোটা, (৩) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি/আদিবাসী কোটা এবং (৪) পোষ্য কোটা (শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ে কর্মরতদের ক্ষেত্রে)

ঘ. **ইংরেজি ভার্সনের প্রশ্নপত্রের আবেদনের জন্য English Version Question অপশন সিলেক্ট করতে হবে।**

ঙ. অসম্পূর্ণ বা ভুল তথ্য থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

চ. **ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ০৫ অক্টোবর, ২০১৯ তারিখ সকাল ১০.০০টা থেকে ওয়েবসাইট www.shubd.net – হতে ডাউনলোড/প্রিন্ট করা যাবে।**

**৭. আসনবিন্যাস ও পরীক্ষার্থীর করণীয়:**

ক. ভর্তি পরীক্ষার আসনবিন্যাস ও কেন্দ্রের স্থান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.shubd.net এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

খ. ভর্তি পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে অবশ্যই www.shubd.net থেকে Application Id এর মাধ্যমে প্রবেশপত্র (80gm অফসেট কাগজে প্রিন্টকৃত রঙিন) প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত প্রবেশপত্রের দুই (২) কপিতে নির্ধারিত জায়গায় আবেদনকারীর স্বাক্ষর করে সঙ্গে আনতে হবে।

গ. ভর্তি পরীক্ষার সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ / কেন্দ্র পরিদর্শক পরীক্ষার হলে পরীক্ষার্থী কর্তৃক আনীত দুইটি প্রবেশপত্রের একটি সংগ্রহ করবেন।

ঘ. পরীক্ষার হলে কালো কালির বলপয়েন্ট কলম এবং প্রবেশপত্র ব্যতীত কোন প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার্থীর সঙ্গে ইলেক্ট্রনিক ডিভাইস (ক্যালকুলেটর, মোবাইল ফোন, হেডফোন, ব্লুটুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোন প্রকার ডিভাইস) পাওয়া গেলে, তা ব্যবহৃত হোক বা না হোক তিনি বহিষ্কৃত হবেন।

ঙ. পরীক্ষার্থীকে পরীক্ষা শুরু হওয়ার ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে সিট প্ল্যান অনুযায়ী নির্ধারিত আসন গ্রহণ করতে হবে। নির্ধারিত আসন ব্যতীত পরীক্ষায় অংশগ্রহণ করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

চ. ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ ওয়েবসাইটে জানানো হবে।

৮. ক. অনলাইনে ভর্তি আবেদন এবং ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি www.shubd.net ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ. আবেদন সংক্রান্ত যেকোন সমস্যা/জটিলতা shu.bangladesh@gmail.com এর মাধ্যমে জানানো যাবে।

**বি.দ্র. : ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম-নীতির পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

**(কাজী নাসির উদ্দিন)**
রেজিস্ট্রার, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা